প্রিমিয়াম সেবা আনছে টেলিগ্রাম

নিরাপদ মেসেজিং প্ল্যাটফর্ম হিসেবে বেশ জনপ্রিয় টেলিগ্রাম। বর্তমানে এটি ব্যবহার করতে কোনো অর্থ লাগে না। নেই কোনো বিজ্ঞাপন বা সাবস্ক্রিপশন ফি। তবে শিগগিরই সেই চিত্র বদলাচ্ছে। প্রিমিয়াম সেবা আনার দ্বারপ্রান্তে টেলিগ্রাম।

একটি ডেটা স্ট্রিং থেকে গেছে যখন মেসেজিং অ্যাপটি ডাউনলোড ও ইনস্টল করা হবে তখন স্ক্রিনে প্রদর্শিত বার্তাতে পরিবর্তন আসছে।

বর্তমানে ওই স্ক্রিনে লেখা আসে, ‘টেলিগ্রাম সব সময়ের জন্য ফ্রি। কোনো বিজ্ঞাপন নেই। কোনো সাবস্ক্রিপশন ফি নেই’। তবে এই লেখা পরিবর্তন হয়ে দেখাবে, ‘টেলিগ্রাম চ্যাট ও মিডিয়ার জন্য বিনামূল্যে আনলিমিটেড ক্লাউড স্টোরেজ সেবা দিয়ে থাকে’।

আসছে ৩০ টেরাবাইটের হার্ড ড্রাইভআসছে ৩০ টেরাবাইটের হার্ড ড্রাইভ নতুন এই লেখা থেকে এটা প্রতীয়মান হচ্ছে যে, সাবস্ক্রিপশনভিত্তিক প্যাকেজ নিয়ে কাজ চলছে এবং শিগগিরই সেটি উন্মুক্ত করবে টেলিগ্রাম।

পেইড অ্যাকাউন্ট, স্টার ব্যাজসহ সামনে আরও কিছু পরিবর্তন আনার পরিকল্পনায় রয়েছে মেসেজিং প্ল্যাটফর্মটি।

অপো এফ২১ প্রো ফাইভজি: উদ্ভাবন ও নান্দনিক ডিজাইনের অপূর্ব সমন্বয়

অত্যাধুনিক প্রযুক্তি, আইকনিক ডিজাইন ও উদ্ভাবনী ভাবনা – এ তিনটি বিষয়কে প্রাধান্য দিয়েই শীর্ষস্থানীয় স্মার্ট ডিভাইস ব্র্যান্ড অপো প্রতিনিয়তই দেশের বাজারে নিয়ে আসছে নিত্য নতুন প্রযুক্তির স্মার্টফোন। ব্যবহারকারীদের ফোন ব্যবহারের অনন্য অভিজ্ঞতা দিতে প্রতিষ্ঠানটি এর এফ সিরিজের নতুন ডিভাইস এফ২১ প্রো ফাইভজি

সংস্করণের ডিভাইসটি বাংলাদেশের বাজারে নিয়ে এসেছে। এফ২১ প্রো ফাইভজি ডিভাইসটি অপো’র নিজস্ব উৎপাদন প্রক্রিয়ার মধ্য দিয়েই তৈরি করা হয়েছে; যেখানে উদ্ভাবনী অপো গ্লো ও ডুয়াল অরবিট লাইটস ডিজাইন নিয়ে আসা হয়েছে। উদ্ভাবন সমৃদ্ধ এ ডিভাইসটি নিশ্চিতভাবেই নতুন ট্রেন্ডসেটার হিসেবে ব্যবহারকারীদের মন জয় করতে পারবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।

রঙধনুর মতো প্রিজম্যাটিক ভিজ্যুয়াল ইফেক্ট

অপো এফ ২১ প্রো ফাইভজি ডিভাইসে অত্যাধুনিক সিএমএফ (রঙ, ম্যাটেরিয়ালস, ফিনিশ) টেকনিক ব্যবহার করা হয়েছে। রেইনবো স্পেকট্রাম ও কসমিক ব্ল্যাক – ব্যবহারকারীদের জন্য এ দু’টি রঙে ডিভাইসটি বাজারে নিয়ে আসা হয়েছে। রেইনবো স্পেকট্রাম রঙের ডিভাইসটি তৈরির প্রক্রিয়ায় ‘থ্রি-লেয়ার টেক্সচার ও টু-লেয়ার কোটিং’ ব্যবহার করা হয়েছে, যার ফলে ভিন্ন দৃষ্টিকোণ থেকে ফোনটি রঙধনু রঙের আবহ তৈরি করবে। থ্রি-লেয়ার টেক্সচারে ‘ইনারমোস্ট স্কেটারিং’ গ্রেইন, এসজি গ্রেইনে ইন্টারলেয়ার ও গ্লসি-অ্যান্ড-ম্যাট গ্রেইন দিয়ে তৈরি উজ্জ্বল অপো গ্লো ডিজাইন ও ডিভাইসটির ক্যামেরা সেকশনেও রয়েছে গ্লসি লেয়ার। এ সব কিছুর সমন্বয়ে, অপো ডিভাইসটির পেছনের দিকে একটি উন্নত টেক্সচার তৈরি করেছে। লাল, হলুদ ও সবুজ রঙের সমন্বয়ে মাল্টি-কালার গ্রেডিয়েন্ট তৈরি হয়েছে; পাশাপাশি, ইন্ডিয়াম কোটিংয়ের একটি বেস লেয়ারের সঙ্গে রঙের পরিবর্তনের জন্য সহায়ক ভূমিকা রাখে যথাক্রমে সবুজ, বেগুনি ও গোলাপী রঙ। এর ফলে, এফ২১ প্রো ফাইভজি’র রেইনবো স্পেকট্রাম ছয়টি প্রধান রঙে উজ্জ্বল, মনোমুগ্ধকর ও ‘হাইলি-রিফ্লেক্টিভ’ আকারে আবির্ভূত হয়। গ্লসি ও ম্যাট টেক্সারের সমন্বিত বিষয়টি গ্রেডিয়েন্ট ফিনিশ এ আলো ছায়ার এক অপূর্ব মিশ্রণ তৈরি করে। অপো গ্লো ম্যাট ক্যামেরার অংশটুকুকে আরো বেশি দৃশ্যমান করে তুলেছে।

গ্লস ও ম্যাট টেক্সচার ক্যামেরার ডিজাইনে এসেছে নতুনত্ব

এফ২১ প্রো ফাইভজি ডিভাইসে আনা হয়েছে উদ্ভাবনী ক্যামেরা ডিজাইন! ডিভাইসটিতে রয়েছে সিমেট্রিক ক্যামেরা মডিউল, যা ডিভাইসটিকে দেখতে আরো আকর্ষণীয় করে তুলেছে। ক্যামেরার ডিজাইনে অপো এ ইন্ডাস্ট্রিতে প্রথমবারের মতো ‘গ্লস ও ম্যাট টেক্সচার স্প্লাইসিং’ ব্যবহার করেছে, যা অন্যান্য ফোনের প্রচলিত বেজ ম্যাটেরিয়াল থেকে ডিভাইসটিকে আলাদা করে ডিভাইসটিকে করে তুলেছে

আরো আকর্ষণীয়। শীর্ষস্থানীয় ব্র্যান্ডের আরঅ্যান্ডডি দলের সদস্যরা ক্যামেরার প্রতিটি লেয়ারের মধ্যে যেনো কোন শনাক্তকরণ সীমা না থাকে তা নিশ্চিত করেছে। নিখুঁত ফিনিশ নিশ্চিত করার জন্য স্প্লাইসিং প্রক্রিয়ায় লেয়ারের মধ্যে কোন এয়ার বাবল গঠিত হয়নি। ক্যামেরার পাশে একটি ডুয়াল-রিং ফ্লোটিং নোটিফিকেশন লাইট সিস্টেমের জন্য এফ২১ প্রো ফাইভজিতে ডুয়াল অরবিট লাইট ফিচার আনা হয়েছে। ডুয়াল অরবিট লাইট চালু করলে একটি স্বর্গীয় আবহ তৈরি হবে, যা দেখতে রাতের আকাশ থেকে নেমে আসা দুটি স্বর্গীয় বলয়ের মতো হবে।

অপো আরও উদ্ভাবনী প্রযুক্তি নিয়ে এসেছে যার মধ্যে রয়েছে আরজিবি লাইট সমন্বিত একটি কাঠামো, রিফ্লেক্টিভ ও শেডিং ফয়েল সহ একটি প্রিজম লাইট ইউনিফর্ম প্লেট ও একটি লাইট-গাইড প্যানেল – এগুলো ডুয়াল অরবিট লাইটের মন্ত্রমুগ্ধকর আলো তৈরিতে কাজ করে।

ডুয়াল অরবিট লাইটের সংমিশ্রণটি মূল ক্যামেরা বেজেলের পুরুত্ব হ্রাস করার সাথে সাথে এই ফোনের ডিজাইনকে আরও সুন্দর করেছে। অপো এফ২১ প্রো ফাইভজি ‘ইনোভেশন ও ফ্যান্টাসি’ এর মিশেলের মাধ্যমে ব্যবহারকারীদের ব্যতিক্রমী অভিজ্ঞতা প্রদান করবে।

স্লিম, লাইটওয়েট ও কমপ্যাক্ট

আইকনিক লুক ছাড়াও হাতে রেখে স্বাচ্ছ্যন্দে ব্যবহারের জন্য অপোর এ ফোনটি ব্যবহারকারীদের কাছে বেশ জনপ্রিয়তা লাভ করেছে; বিশেষ করে, এর পাতলা ও হালকা ডিজাইনের জন্য। এফ২১ প্রো ফাইভজি ডিভাইসে আল্ট্রা-স্লিম রেট্রো ডিজাইন ব্যবহার করা হয়েছে। দেখতে চমৎকার ও স্বাচ্ছন্দ্যে গ্রিপের জন্য ডিভাইসটিতে ট্রেন্ডি ২.৫ডি ফ্রন্ট ও ব্যাক রাইট-অ্যাঙ্গেল বেজেল ব্যবহার করা হয়েছে। কসমিক ব্ল্যাক মডেলের ডিভাইসটি প্রায় ৭.৪৯ মিমি পুরু, রেইনবো স্পেকট্রাম মডেলটি প্রায় ৭.৫৫ মিমি পুরু এবং ওজন মাত্র ১৭৩ গ্রাম।

কমপ্যাক্ট ডিজাইন ছাড়াও ডিভাইসটি ব্যবহারকারীদের জন্য পুরোপুরি নির্ভরযোগ্য। আঙুলের ছাপ ও দাগ-প্রতিরোধী হওয়ার কারণে ফোনটির মিড-ফ্রেমের অ্যালুমিনিয়াম অ্যালয় আগের প্রজন্মের ডিভাইসগুলোতে ব্যবহৃত ডিভাইসের তুলনায় ১৫ শতাংশ বেশি শক্তিশালী, যা অপো এফ২১ প্রো ফাইভজি ডিভাইসকে আরো উন্নত করে তুলেছে।

অপো’র উদ্ভাবনী ডিজাইন

অত্যাধুনিক প্রযুক্তি ছাড়াও, অপো’র ফোনগুলো এর সৃজনশীলতা, চোখ ধাঁধানো ডিজাইন এর জন্য বেশ সুপরিচিত। এরই ধারাবাহিকতায় অপো এফ২১ প্রো ফাইভজি ডিভাইস ক্রিয়েটিভ এবং নজরকাড়া ডিজাইনে ট্রেন্ড সেট করে চলেছে। তবে, নান্দনিকতা, আকার, স্বাচ্ছন্দ্য ও স্থায়ীত্ব এই বৈশিষ্ট্যগুলোর কারণে অপো এফ২১ প্রো ফাইভজি ফোনটি ক্রেতাদের চাহিদা পূরণ করতে সক্ষম হবে বলে আশা করা যাচ্ছে।

খরচ কমাতে পেপালের কর্মী ছাঁটাই

ব্যবস্থাপনা ও পরিচালনায় খরচ কমাতে কর্মী ছাঁটাই করছে আন্তর্জাতিক পেমেন্ট সেবাদাতা প্রতিষ্ঠান পেপাল। ব্লুমবার্গের খবরের বরাত দিয়ে এনগ্যাজেট জানিয়েছে, কর্মী ছাঁটাইয়ের পরিকল্পনা এখনই শেষ নয়। ফলে সামনেও আরও কর্মী ছাঁটাই হতে পারে।

সর্বশেষ শিকাগো, ওমাহা, নেবরাস্কা এবং চান্ডলার, আরিজোনা থেকে কর্মী ছাঁটাই করেছে পেমেন্ট প্রসেসর কোম্পানিটি। ক্যালিফোর্নিয়ার স্যান জোসের প্রধান কার্যালয় থেকে ৮০ কর্মীকে স্থায়ীভাবে ছাঁটাইয়েরও পরিকল্পনা রয়েছে বলে জানা গেছে।

২০২১ সালে ৬৬ শতাংশ সংস্থা র্যানসমওয়্যার আক্রমণের শিকার২০২১ সালে ৬৬ শতাংশ সংস্থা র্যানসমওয়্যার আক্রমণের শিকার
২০২০ সালে পেপাল কৌশলগতভাবে জনবল কমানোর পরিকল্পনা পাশ করে। সম্প্রতি পেপালের প্রবৃদ্ধি ব্যাপকভাবে নিম্নমুখী হওয়ায় কর্মী ছাঁটাই করা হচ্ছে।

চলতি বছরের প্রথম প্রান্তিকে প্ল্যাটফর্মটিতে খরচের পরিমাণ ১৫ শতাংশ বেড়ে ৩২৩ বিলিয়ন ডলারে পৌঁছেছে, যা গত পাঁচ বছরের মধ্যে সবচেয়ে কম প্রবৃদ্ধি। আন্তর্জাতিক সাপ্লাই চেইনে প্রতিবন্ধকতা এবং করোনা মহামারি শেষে দোকানে সরাসরি কেনাকাটার ফলে প্ল্যাটফর্মটিতে কম ব্যয় করছেন গ্রাহকরা।

[redacted]!

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

রংপুরে ওয়াজেদ মিয়া হাইটেক পার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন

রংপুরে ড. এম এ ওয়াজেদ মিয়া হাইটেক পার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। বৃহস্পতিবার (২৬ মে) সকালে সিটি করপোরেশনের ৯ নম্বর ওয়ার্ডের খলিশাকুড়ি এলাকায় এর ভিত্তিপ্রস্তরের ফলক উন্মোচন করেন আইসিটি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক। এতে ভার্চুয়ালি যুক্ত হন জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী।

ওয়াজেদ মিয়া হাই-টেক পার্ক রংপুরের তরুণ প্রজন্মের কর্মসংস্থানের ঠিকানা উল্লেখ করে আইসিটি প্রতিমন্ত্রী বলেন, এই পার্ক বাংলাদেশকে শ্রমনির্ভর অর্থনীতি থেকে জ্ঞান নির্ভর উন্নত অর্থনীতির স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বাংলাদেশ হাইটেক পার্কের ব্যবস্থাপনা পরিচালক বিকর্ণ কুমার ঘোষ, রংপুরের পুলিশ কমিশনার আব্দুল আলীম মাহমুদ, রংপুর জেলা প্রশাসক আসিব আহসান, জেলা পর্যায়ে আইটি/হাইটেক পার্ক স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক একেএম ফজলুল হক, এলএডিপি প্রকল্প পরিচালক হুমায়ুন কবির, বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য অ্যাড. হোসনে আরা লুৎফা, রংপুর জেলা আওয়ামী লীগের সভাপতি মমতাজ উদ্দিন আহমেদ, মহানগর আওয়ামী লীগের সভাপতি সফিউর রহমান সফি, ড. ওয়াজেদ মিয়া মেমোরিয়াল ফাউন্ডেশন-এর চেয়ারম্যান একেএম ছায়াদত হোসেন বকুল, আইসিটি বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, জেলা আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতাগণ।

ই-কমার্স খাতে বাংলাদেশকে সহায়তা করবে সিঙ্গাপুর ই-কমার্স খাতে বাংলাদেশকে সহায়তা করবে সিঙ্গাপুর

উল্লেখ্য, ভারত ও বাংলাদেশ সরকারের সহযোগিতায় দশ একর জমিতে ১৭০ কোটি টাকা ব্যয়ে নির্মাণ করা হবে এই পার্ক। পার্কটি চালু হলে প্রতিবছর এলাকার ৫ হাজার তরুণ-তরুণীর কর্মসংস্থানের সৃষ্টি হবে।

[redacted]

[redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

এডিটিং প্যানেল নিয়ে ছোট্ট অফিস খুলে বিজ্ঞাপন এজেন্সির আদলে ব্যবসা খুলে বসেছে। বিনা পুঁজির ব্ল্যাকমেইলিং ব্যবসা টিকিয়ে রাখতে সিন্ডিকেট গড়ে তারা চাঁদাবাজি করছে। অন্যদিকে লাইক, শেয়ার ও ভিউ ব্যবসা তো আছেই। পাশাপাশি রেস্টুরেন্ট মালিকদের কাছ থেকেও নিচ্ছে নিয়মিত মোট অঙ্কের মাসিক চাঁদা।

এসব বন্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোনো ব্যবস্থা নিচ্ছে না। জানতে চাইলে সামাজিক যোগাযোগ মাধ্যমের নিরাপত্তা বিশ্লেষক শাহ আসিফুল আবেদ স্বরূপ যুগান্তরকে বলেন, ‘সামাজিক যোগাযোগ মাধ্যম ইউটিউব বা ফেসবুক থেকে আয় করা যায় এ কথা সত্যি। এ সুযোগ কাজে লাগিয়ে আমাদের দেশের কিছু তরুণ শুধু নিজেদের স্বার্থে ইউটিউব-ফেসবুকে নানা ধরনের হয়রানিমূলক কনটেন্ট প্রচার করছে, যা খুবই উদ্বেগজনক। এ বিষয়গুলোকে নিরাপত্তার আওতায় নিয়ে আসতে হবে।

সমাজবিজ্ঞানী ড. এম ইব্রাহিম খলিল যুগান্তরকে বলেন, ‘সম্প্র্রতি দেখা যাচ্ছে কিছু ফুড ব্লগার ইউটিউব চ্যানেল ও ফেসবুক পেজ খুলে নানা ধরনের ভিডিও প্রচার করছেন। ভিডিওর ধরন দেখেই বোঝা যায় এগুলো পেইড এবং বিজ্ঞাপনের আদলে তৈরি করা। প্রতিনিয়ত ব্লগাররা তাদের অডিয়েন্সদের সঙ্গে প্রতারণা করছে।

ফেসবুকে ভাইরাল ফুড ব্লগারদের মধ্যে অন্যতম ‘ফুড আপ্পি’র সঙ্গে কয়েক দফা যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ব্যস্ততার অজুহাত দেখিয়ে মোবাইল ফোনের সংযোগ কেটে দেন। আরেক ব্লগার ‘জোলটান বিডি’র সঙ্গেও যোগাযোগের চেষ্টা করা হলে তার সহকারী পরিচয়ে এক ব্যক্তি নিজেকে টেলিভিশন সাংবাদিক দাবি করে তার সঙ্গে কথা বলার অনুরোধ জানান।

এদিকে, জোলটান বিডি, ফুড আপ্পি, বাংলাদেশি ফুড রিভিউয়ার, মেট্রোমেন, স্ট্রিট ফুড হান্টিং, পেটুক কাপলসহ বিভিন্ন নামের ফেসবুক পেজে বিভিন্ন কনটেন্টের ফাঁকে অনেক প্রতিষ্ঠানের বিজ্ঞাপন উপস্থাপন করলেও ঠিকমতো রাজস্ব দিচ্ছে কিনা এবার তাও নজরদারিতে আনার দাবি উঠেছে। ভ্যাট নিয়ে কাজ করা আইন ও মানবাধিকার সুরক্ষা ফাউন্ডেশনের উপদেষ্টা ড. সুফি সাগর যুগান্তরকে জানান, তাদের পক্ষ থেকে কাউন্টার টেরোরিজমের সাইবার ক্রাইম বিভাগ এবং জাতীয় রাজস্ব বোর্ডের কাছে লিখিত অভিযোগ করা হবে।

সূত্র জানায়, ইতোমধ্যেই মূসক গোয়েন্দা এসব লাভজনক পেজের বিভিন্ন কনটেন্ট ও ইভেন্টে রাজস্ব ফাঁকির বিষয়টি তদন্ত করছে।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ফুড ব্লগিং এবং রিভিউ নামে খ্যাত ‘ফুডআপ্পি’ এবং ‘জোলটান বিডি’র সদস্য সংখ্যা ৮ লাখ ও প্রায় ৫ লাখ। বিভিন্ন রেস্টুরেন্টের ফুড ব্লগিং করে এসব পেজে রিভিউ দিয়ে প্রমোটিং করা বর্তমানে একটি রীতি।

এসব ব্লগারদের পজিটিভ রিভিউ অনেক রেস্টুরেন্টের ভাগ্য বদলে দেয় বলে বিশ্বাস গুটিকয়েক রেস্টুরেন্ট ব্যবসায়ীর। তাই রেস্টুরেন্ট মালিকরা দিনের বেশিরভাগ সময় নজর দিয়ে বসে থাকেন এসব পেজের দিকে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সহযোগিতার হারানো মোবাইল উদ্ধার

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সহযোগিতার হারানো মোবাইল ফোন উদ্ধার করেছে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল। উদ্বোধনের পর থেকেই একের পর এক সাফল্য ও উদ্ধার কার্যক্রম অব্যহত রেখেছে।

সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, বিকাশ প্রতারণা, মোবাইল উদ্ধার, অনলাইন প্রতারণা সহ সোশ্যাল মিডিয়ায় প্রতারণা স্বীকার ও ভুক্তভোগীদের বিভিন্ন ধরণের আইনগত পরামর্শ ও সেবাদান করে চলছেন। তারই ধারাবাহিকতায় ফেরদৌসি আক্তার, প্রভাষক, রসায়ন বিজ্ঞান, বেরইল বাজার স্কুল এ্যান্ড কলেজ, মাগুরা।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম, বিপিএম-সেবা কে জানান যে, গত ১৯ এপ্রিল দারুস সালাম থানাধীন মাজার রোড হতে ফেরার পথিমধ্যে তার ছেলে সাদমান সাকিব ইফতি (এনাম মেডিকেল কলেজে অধ্যয়নরত) এর সখের SAMSUNG A50s মোবাইল ফোনটি হারিয়ে যায়। এসংক্রান্তে দারুস সালাম থানা, ডিএমপি, ঢাকা’য় একটি সাধারণ ডায়েরী করেছেন।

পুলিশ সুপার তাৎক্ষণিকভাবে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, চুয়াডাঙ্গা’কে হারানো মোবাইল ফোনটি উদ্ধারের নির্দেশ প্রদান

করেন। সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন টিম তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, চুয়াডাঙ্গা আন্তরিকতার সাথে মোবাইল ফোনটি উদ্ধারের চেষ্টা চালিয়ে যান। অবশেষে উক্ত হারানো মোবাইল ফোনটি ঢাকা জেলার সাভার থানা এলাকা থেকে উদ্ধার করতে সক্ষম হন।

আমার মৃত্যু হতে পারে রহস্যময় পরিস্থিতিতে

জীবনসংশয়ে রয়েছেন টেসলার সিইও ইলন মাস্ক। সোমবার এক টুইটে তিনি তেমনই ইঙ্গিত দিয়েছেন। টুইটে তিনি লিখেছেন, তার মৃতু্য হতে পারে ‘রহস্যময় পরিস্থিতিতে’। তিনি বলেন, তিনি আগে থেকেই জানাতে চান যে সবার সঙ্গে পরিচিত হতে পেরে তিনি খুশি।

সম্প্রতি ৪ হাজার ৪০০ কোটি ডলার দিয়ে টুইটার কিনেছেন ইলন। তার ঠিক এক সপ্তাহ পর তিনি নিজের প্রাণ সংশয়ের আশঙ্কা নিয়ে টুইট করলেন। সেই টুইটে তিনি লিখেছেন, ‘আমার যদি কোনো রহস্যময় পরিস্থিতিতে মৃতু্য হয়! জেনে ভালো লাগছে।’

এই পোস্টের ঠিক এক ঘণ্টা আগেই তিনি এক রাশিয়ান আধিকারিকের পোস্ট শেয়ার করেন, যে পোস্টে ঐ আধিকারিক লিখেছিলেন, ইউক্রেনে অস্ত্র ও সেনা পাঠাচ্ছে পেন্টাগন। এই সেনা ও অস্ত্র পাঠানোর সঙ্গে ইলন জড়িত। তিনি আরো লেখেন, ‘আপনি যতই বোকা বানানোর চেষ্টা করুন, এর জন্য আপনিই দায়ী।’

পরপর এ দুটি পোস্টকে কেন্দ্র করে জল্পনা শুরু হয়েছে, তবে কি ইলনকে প্রাণে মারার হুমকি দিচ্ছে রাশিয়া? এ ব্যাপারে ইলন কিছু স্পষ্ট করে না বলেলও তার দুটি টুইট থেকে তেমনটা মনে করা হচ্ছে।

ফেব্রুয়ারিতে যুদ্ধবিধ্বস্ত ইউক্রেনে উপগ্রহের মাধ্যমে ব্রডব্যান্ড পরিষেবা দিয়েছিল ইলনের সংস্থ স্পেসএক্স স্টারলিংক। সে কারণেই কি ইউক্রেনকে অস্ত্র সরবরাহের পেছনে টেসলা সিইওর হাত রয়েছে বলে মনে করছে রাশিয়া? ইলনের দুটি টুইটের পর সেই যুক্তিই

ভারতের আইআইটি ও ন্যাসকম পরিদর্শন করলেন পলক

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক দিল্লিতে মঙ্গলবার নয়াদিল্লির তথ্য প্রযুক্তি বিষয়ক খ্যাতনামা প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব ইনফরমেশন অ্যান্ড টেকনোলজি আইআইটিসহ নয়ডার ন্যাশনাল এসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড সার্ভিস কোম্পানি ন্যাসকম পরিদর্শন করেন।

সকালে প্রতিমন্ত্রী দিল্লীর আইআইটি প্রতিষ্ঠান পরিদর্শনকালে ইস্টটিটিউটের বিভিন্ন ফ্যাকালটি ঘুরে ঘুরে দেখেন এবং বিশিষ্টজনদের সঙ্গে বাংলাদেশের তথ্য প্রযুক্তির উৎকর্ষ সাধনে ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে কথা বলেন। তিনি দিল্লীর খ্যাতনামা এই প্রতিষ্ঠানের পরিচালক ও ডিনের সঙ্গে বেশ কিছু সময় পরামর্শমূলক বৈঠক করেন।

আইআইটি পরিচালক অধ্যাপক রঞ্জন ব্যানার্জির সঙ্গে বৈঠককালে প্রতিমন্ত্রী তার প্রস্তাবনায় বাংলাদেশের ছাত্র, গবেষক, তরুণ উদ্যোক্তাদের প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণের ব্যাপারে গুরুত্ব দেন। প্রতিমন্ত্রী বলেন, আইআইটি কর্তৃপক্ষ সম্মত হলে বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ বিষয়ক প্রশিক্ষণ গ্রহণে আগ্রহীদের পাঠাবে । এক সপ্তাহের প্রশিক্ষণে বাংলাদেশের তরুণ, উদ্যোক্তা, ছাত্র, গবেষকসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ এ সুযোগ পাবে। তিনি বলেন, যারা এ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী নিতে চায় তাদেরকেও প্রয়োজনে মন্ত্রণালয় সহযোগিতা করতে চায়। এ ব্যাপারে প্রতিষ্ঠানটির সঙ্গে একটি সমঝোতা স্বাক্ষর (এম ও ইউ) এর প্রস্তাব রাখেন তিনি। আইআইটির পরিচালক প্রতিমন্ত্রীর এ প্রস্তাব সানন্দে গ্রহণ করেন।

৪৪তম বিসিএস প্রিলিতে মানতে হবে যেসব নির্দেশনা৪৪তম বিসিএস প্রিলিতে মানতে হবে যেসব নির্দেশনা

পরে প্রতিমন্ত্রী ন্যারোস্কেল রিসার্চ ফ্যাসিলিটি এনআরএফের অধ্যাপক নিরাজখের সঙ্গে বৈঠক করেন। প্রতিমন্ত্রী বলেন, সমঝোতা স্বাক্ষরের মধ্য দিয়ে আইআইটি এবং বাংলাদেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয় এই খাতের উন্নয়নে যৌথভাবে কাজ করতে আগ্রহী। তিনি এ বিষয়ে ডিপ্লোমা কোর্সে বাংলাদেশের আগ্রহী তরুণদের সুযোগ নিশ্চিত করার প্রস্তাব দেন। প্রতিমন্ত্রী রাইসানা সম্মেলনে যোগ দিতে দিল্লিতে অবস্থান করছেন।

টেলিগ্রামে একগুচ্ছ নতুন ফিচার

বিশ্বব্যাপী টেলিগ্রামের জনপ্রিয়তা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। অসংখ্য ফিচারে সাজানো এই প্ল্যাটফর্মটির ব্যবহারকারীর সংখ্যাও বাড়ছে। ব্যবহারকারীদের টেলিগ্রাম ব্যবহারের অভিজ্ঞতা আরও ভালো করতেই এতোসব আয়োজন তাদের। প্রতিযোগিতার বাজারে জনপ্রিয়তা ধরে রাখতে নতুন কিছু ফিচার এনেছে ইনস্ট্যান্ট ম্যাসেজিং প্ল্যাটফর্মটি। চলুন টেলিগ্রামের নতুন ফিচারগুলো সম্পর্কে জেনে নেওয়া যাক।

কাস্টম নোটিফিকেশন টোন: এখন থেকে ব্যবহারকারীরা তাদের মিউজিক কালেকশন থেকে পার্সোনাল বা গ্রুপ চ্যাটের জন্য কাস্টম নোটিফিকেশন তৈরি করতে পারেন। এজন্য তাদের অ্যাপের সেটিংসে গিয়ে ‘নোটিফিকেশনস অ্যান্ড সাউন্ড’ অপশনে যেতে হবে।

কাস্টম চ্যাট মিউট ডিউরেশন: নতুন আপডেটের পর ইউজাররা কোনো চ্যাট নির্দিষ্ট সময়ের জন্য বন্ধ করতে পারেন। এতে কোনো টাইমার অপশন মিলবে না। তবে নোটিফিকেশন থেকে বিরতি পেতে ‘ডিজেবল সাউন্ড’ অপশনে ক্লিক করতে হবে।

ঘরে বসে স্মার্টফোন দিয়ে অনলাইনে আয় করার উপায়ঘরে বসে স্মার্টফোন দিয়ে অনলাইনে আয় করার উপায়
প্রোফাইলের অটো ডিলিট মেনু: এখন থেকে ইউজাররা যেকোনো প্রোফাইলের জন্য অটো-ডিলিট অপশন ব্যবহার করতে পারবেন। এটি ২দিন, ৩ সপ্তাহ, ৪ মাস বা তার বেশি সময়ের টাইমার বিকল্প প্রদান করবে।

উল্লিখিত তিনটি ফিচার ছাড়াও টেলিগ্রামের নতুন আপডেটের পর, আপনি যখন কোনো টেক্সট অন্য চ্যাটে ফরোয়ার্ড করবেন তখন সেটির রিপ্লাই প্রিভিউ দেখা যাবে। আবার চাইলে পাঠানো যাবে গোপন ম্যাসেজও।